

ভূমি উন্নয়ন কর/ খাজনার হারঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রনালয় কর্তৃক ৩০ জুন ২০১৫ ইং এবং ১৬ আষাঢ় ১৪২২ বাং এর প্রজাপন অনুযায়ী খাজনার হার নিম্নরূপঃ

১। কৃষি জমির ভূমি উন্নয়ন করের হারঃ

জমির পরিমাণ	ভূমি উন্নয়ন করের হার
ক. ৮.২৫ একর পর্যন্ত	২৫ বিঘা পর্যন্ত খাজনা দিতে হবে না।
খ. ৮.২৫ একরের উর্ধে হলে	খাজনার হার বার্ষিক প্রতি শতাংশ ২(দ্বি) টাকা আদায় করতে হবে।
গ. উল্লিখিত “ক” দফায় বর্ণিত খাজনা মওকুফের আওতাধীন কৃষি জমির সংশ্লিষ্ট প্রতিটি হোল্ডিং এর ভূমি উন্নয়ন করে মওকুফ বাবদ দাখিলা প্রদানের জন্য বার্ষিক ১০ টাকা দিতে হবে। এ মওকুফ দাখিলা সংগ্রহ করা বাধ্যতামূলক।	
ঘ. কৃষি জমি গ্রামীন বা পৌর যে এলাকাতেই হোক উপরে বর্ণিত হার ও শর্ত প্রযোজ্য হবে।	

২। অকৃষি জমির ভূমি উন্নয়ন করের হারঃ

- ক. অকৃষি জমির ভূমি উন্নয়ন করের হার নির্ধারিণের জন্য সারা দেশকে অগ্রসরতার মানদণ্ডে ৬ টি ধাপে চিহ্নিত করা হয়েছে।
 খ. অকৃষি জমিকে ব্যবহারভিত্তিক বাণিজ্যিক, শিল্প এবং আবাসিক ও অন্যান্য এই তিনি শ্রেণিতে বিভাজন করে প্রতি শতক জমির বার্ষিক ভূমি উন্নয়ন কর আদায় করা হয়।

ইউনিয়ন পর্যায়েঃ

- আবাসিক (পাকা ভিটি) জমি প্রতি শতাংশ ১০ টাকা।
 বাণিজ্যিক কাজে ব্যবহৃত জমি প্রতি শতাংশ ৮০ টাকা।
 শিল্প কাজে ব্যবহৃত জমি প্রতি শতাংশ ৩০ টাকা।

উপজেলা পর্যায়েঃ

- আবাসিক জমি প্রতি শতাংশ ১৫ টাকা।
 বাণিজ্যিক জমি প্রতি শতাংশ ৬০ টাকা
 শিল্প কাজে ব্যবহৃত জমি প্রতি শতাংশ ৪০ টাকা

জেলা পর্যায়েঃ

- আবাসিক জমি প্রতি শতাংশ ২০ টাকা।
 বাণিজ্যিক জমি প্রতি শতাংশ ১০০ টাকা
 শিল্প কাজে ব্যবহৃত জমি প্রতি শতাংশ ৭৫ টাকা

**ভূমি উন্নয়ন করের প্রবর্তিত এই হার
 ১লা জুলাই ২০১৫ হতে কার্যকর**

অনলাইন খাজনা প্রদানের পদ্ধতিঃ

অনলাইনে খাজনা প্রদানের জন্য www.land.gov.bd ওয়েব সাইটে গিয়ে নিয়ন্ত্রিত ধাপ অনুসরণ করতে হবে।

অনলাইন মিউটেশন প্রক্রিয়াঃ

অনলাইনে মিউটেশনের জন্য www.land.gov.bd ওয়েব সাইটে গিয়ে নিয়ন্ত্রিত ধাপ অনুসরণ করতে হবে।

ধাপ-১

অনলাইন ফরম পূরণের জন্য যা লাগবে.....

ওয়ারিশ/ উত্তরাধির সুত্রে

যাদের নামে খারিজ হবে তাদের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি

সর্বশেষ খতিয়ানের ফটোকপি

ওয়ারিশ থাকলে ওয়ারিশ সনদ

খাজনার রশিদ বাধ্যতামূলক।

ক্রয়সূত্রে জমির ক্ষেত্রে,

দলিলের ফটোকপি।

বায়া বা পিট দলিলের ফটোকপি।

উক্ত কাগজপত্র দাখিল করে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে।

শুনানীর দিন মূল কাগজ পত্র উপস্থিত থাকতে হবে

মালিকানার বিষয় নিয়ে কোন বিতর্ক না থাকলে এবং সকল ডকুমেন্ট জমা দিলে আবেদনের পরবর্তী ২৮ দিনের মধ্যে নামজারি সম্পন্ন হয়।

মিউটেশন/ নামজারি ফি

ক	আবেদন বাবদ কোর্ট ফি	২০ টাকা
খ	নোটিশ জারি ফি	৫০ টাকা
গ	রেকর্ড সংশোধন বা হালকরণ ফি	১০০০
ঘ	প্রতি কপি মিউটেশন খতিয়ান সরবারহ বাবদ	১০০

আবেদন ফি ছাড়া বাকিগুলো ডিসিআরের মাধ্যমে আদায় করা হয়।

